

৫। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'স্মৃতির রেখা' দিনপঞ্জিটি তাঁর সাহিত্যভাবনারও এক গুরুত্বপূর্ণ দলিল। আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

৬। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'স্মৃতির রেখা' দিনপঞ্জির মধ্যে 'সময়' সম্পর্কে তাঁর দার্শনিক ভাবনার এক বিস্তারিত পরিচয় ধরা আছে। নিজের ভাষায় কথাটি বুঝিয়ে লেখো।

কলা স্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২২

(তৃতীয় বর্ষ, ষষ্ঠ সিমেস্টার)

বাংলা

কোর্স : ইউ.জি - ৬.৩১ (ঐচ্ছিক)

ব্যক্তিগত গদ্য : স্মৃতিকথা, চিঠিপত্র, দিনলিপি

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

প্রশ্নগুলির মান সমান

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

৩×১০=৩০

১। 'জোড়াসাঁকোর ধারে' বইতে অবনীন্দ্রনাথ যেভাবে 'ঠাকুরবাড়ি'র নিজস্ব জীবনপ্রবাহের ছবি আঁকেন তা রবীন্দ্রনাথের স্মৃতিকথাগুলির থেকে মৌলিকভাবেই ভিন্ন। এ বিষয়ে তোমার মতামত কয়েকটি উদাহরণের সাহায্যে বুঝিয়ে লেখো।

অথবা

২। 'ছেড়ে যাবার আগে' নামের লেখাটিতে শঙ্খ ঘোষ তাঁর যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দিনগুলোর কোনও অনুপুঙ্খ বিবরণ লিখতে চাননি, বরং তিনি লিখেছেন সেই সময় এবং সংস্কৃতির এক নিজস্ব ভাষা। এ কথা কি তুমি মানবে? তোমার মতামত সংক্ষেপে বুঝিয়ে দাও।

৩। স্বামীকে লেখা চিঠি বলেই কি তা শুধু 'স্ত্রীর পত্র' হিসেবেই বিবেচনা করব আমরা? তোমার পড়া মোতিরানী দেবীর চিঠিপত্রের প্রসঙ্গে নিজের মতামত জানাও।

অথবা

৪। 'বন্ধিম পরিবারের মহিলা' হিসেবে মোতিরানীর চিঠিকে পড়ার কোনও বিশেষ তাৎপর্য কি তুমি খুঁজে পাও? পঠিত চিঠির ভিত্তিতে আলোচনা করো।